

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৩৮৯

১৩/ বিচার ও বিধান (کتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৪০. স্বামীর অনুমতি ব্যতীত স্ত্রীর দান করা

بَابِ عَطِيَّةِ الْمَرْأَةِ بِغَيْرِ إِذْنِ زَوْجِهَا

### আরবী

حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي اللَّيْثُ بْنُ سَعْدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكٍ \_ عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ جَدَّتَهُ، خَيْرَةَ \_ بْنِ مَالِكٍ \_ عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ جَدَّتَهُ، خَيْرَةَ \_ امْرَأَةَ كَعْبِ بْنِ مَالِكٍ \_ أَتَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بحُلِي لَهَا فَقَالَتْ إِنِي تَصَدَّقْتُ بِهَذَا فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يَجُوزُ لِلْمَرْأَةِ فِي مَالِهَا إِلاَّ بَاذِن زَوْجِهَا فَهَلِ اسْتَأْذَنْت كَعْبًا " . قَالَتْ نَعَمْ . فَبَعَثَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إلى الله عليه وسلم أَنْ تَتَصَدَّقَ بِحُلِيّهَا " . فَقَالَ نَعَمْ . فَتَعْبُلُهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم مِنْهَا .

#### বাংলা

২/২৩৮৯। কাব ইবনে মালেক-এর বংশধর আবদুল্লাহ ইবনে ইয়াহইয়া-এর দাদা (রাঃ) থেকে বর্ণিত যে, তার দাদী কাব ইবনে মালেক (রাঃ) এর স্ত্রী খায়রা (রাঃ) নিজের গহনাপত্রসহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে বলেন, আমি এগুলি দান-খয়রাত করতে চাই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ স্বামীর সম্মতি ব্যতীত নারীর জন্য তার নিজ সম্পদ দান করা জায়েয নয়। তুমি কি কাব-এর সম্মতি গ্রহণ করেছা? তিনি বলেন, হ্যাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোক পাঠিয়ে কাব ইবনে মালেক (রাঃ) কে জিজ্ঞেস কলেনঃ তুমি কি খায়রাকে তার গহনাপত্র দান করার অনুমতি দিয়েছো? তিনি বলেন, হ্যাঁ। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার অলঙ্কারপত্র গ্রহণ করেন।

## **English**

It was narrated from 'Abdullah bin Yahya, one of the sons of Ka'b bin Malik, from his grandfather, that :

his grandmother Khairah, the wife of Ka'b bin Malik, came to the Messenger



of Allah (ﷺ) with some jewelry belonging to her and said, I am giving this in charity. The Messenger of Allah (ﷺ) said to her: "It is not permissible for a woman to dispose of her wealth without her husband's permission. Did you ask Ka'b's permission?" She said: "Yes." So the Messenger of Allah (ﷺ) sent for Ka'b bin Malik, her husband, and said, "Did you give Khairah permission to give her jewelry in charity?" He said: "Yes." So the Messenger of Allah (ﷺ) accepted it from her.

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন ইয়াহইয়া সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, ইনশাআল্লাহ্ তার মাঝে কোন সমস্যা নেই। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৩৬৫৩, ১৬/২৯৬ নং পৃষ্ঠা) ২. ইয়াহইয়া সম্পর্কে আবু হাতিম আর-রাযী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৬৯৫৫, ৩২/৬২ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আবদুল্লাহ বিন ইয়াহইয়া ও ইয়াহইয়া এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৬৭ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে একটি জাল, ১১ টি খুবই দুর্বল, ২৭ টি দুর্বল, ১৪ টি হাসান, ১৪ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিয়ি ৬৩০, আবু দাউদ ৩৫৪৬, ৩৫৪৭, আহ্মাদ ৬৬৮৮, ৭০১৮, ২২২৭২, মুসান্নাফ আব্দুর রায্যাক ১৬৬০৭, ১৬৬২১, মু'জামুল আওসাত ২৫৬৫, ৮৬৭৬, শারহুস সুন্নাহ ১৬৯৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন